

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৩৭

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقِ قَالَ: قُلْتُ لِعَائِشَةَ: أَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصنُوم شهرا كُله؟ قَالَ: مَا عَلِمْتُهُ صَامَ شَهْرًا كُلَّهُ إِلَّا رَمَضَانَ وَلَا أَفْطَرَهُ كُلَّهُ حَتَّى يَصنُومَ مِنْهُ حَتَّى مضى لسبيله. رَوَاهُ مُسلم

বাংলা

২০৩৭-[২] 'আবদুল্লাহ ইবনু শাক্কীক (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্জেস করেছি যে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কি গোটা মাস সওম রাখতেন? তিনি ['আয়িশাহ্ (রাঃ)] বললেন, আমি জানি না যে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম রমাযান (রমজান) ছাড়া অন্য কোন মাস পুরো সওম রেখেছেন কিনা? কিংবা এমন কোন মাসের কথাও জানি না যে, মাসে তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) মোটেও সওম রাখেননি। তিনি প্রতি মাসেই কিছু দিন সওম পালন করতেন। এ নিয়মেই তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) জীবন কাটিয়েছেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১১৫৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস থেকে বুঝা যায়, কোন মাসেই সিয়ামমুক্ত না থাকা মুস্তাহাব। অর্থাৎ- প্রতি মাসেই সিয়াম পালন করা উচিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন